

২.৩ পূর্বের রিটার্ন বাতিল বা নতুন রিটার্ন দাখিলের মাধ্যমে ভূমি উন্নয়ন কর হার নির্ধারণ:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদনপ্রাপ্তির পর প্রতিবেদনের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি অফিস থেকে প্রতিবেদনপ্রাপ্তির পর পক্ষকে নোটিশ প্রদানক্রমে শুনানি গ্রহণ করা হয়। অতঃপর দাখিলীয় কাগজপত্রাদি এবং স্বত্ব দখল বিবেচনায় কোনো আপত্তি না থাকলে রিটার্ন বাতিল বা নতুন রিটার্ন অনুমোদন করে পূর্বের রিটার্ন বাতিল বা নতুন রিটার্ন আনুমোদনের আদেশ দেওয়া হয়ে থাকে।

সেবা প্রাপ্তি সময়: আবেদন দাখিলের পর ২০-২৫ দিন

প্রয়োজনীয় ফি: ১। আবেদনে কোর্ট ফি – ২০/- টাকা; প্রসেস জারি ফি- ৫০/- টাকা।

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: ১। সহকারী কমিশনার (ভূমি); ২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা।

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদন;
- ২। মূল জমির মালিক মৃত্যুবরণ করলে মৃত্যু-সনদ;
- ৩। ওয়ারিশ সনদ
- ৪। বণ্টননামা দলিল (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৫। হস্তান্তর করায় ২৫ বিঘার কম জমির মালিকে পরিণত হলে হস্তান্তরের প্রমাণ/দলিল
- ৬। ২৫ বিঘার অধিক জমি অর্জিত হলে মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র
- ৭। আবেদনকারী জাতীয় পরিচয় পত্র ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।

সেবা প্রাপ্তির শর্তাবলি:

মূল রিটার্নধারীর মৃত্যুর কারণে ওয়ারিশদের মধ্যে জমি বিভাজন বা হস্তান্তরের কারণে ভূমির পরিমাণ কমে যাওয়া বা ভূমি অর্জনের কারণে জমির পরিমাণ ২৫ বিঘার অধিক হওয়া

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ ;
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০
- ৩। ভূমি সংস্কার অধ্যাদেশ, ১৯৮৪
- ৪। ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ ১৯৭৬

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

জেলা প্রশাসক

সেবার নাম: রিটার্ন বাতিল বা রিটার্ন দাখিলের মাধ্যমে ভূমি উন্নয়ন কর হার নির্ধারণ

ধাপ সংখ্যা: ৮ টি
সম্পৃক্ত জনবল: ৩ জন
সময়: ২০-২৫ কার্যদিবস



